গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী,
ঢাকা-১২১২।
ওয়েব: www.brta.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৩.০০০০.০০৩.৯৯.০০১.১৯.৩২৪

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৮
২৫ জুলাই ২০২১

বিষয়: **বিষয়ঃ করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় সীমিত পরিসরে বিআরটিএ'র সেবা কার্যক্রম চালু প্রসঙ্গে।**

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮, তারিখঃ ১৩ জুলাই ২০২১।
২। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের পত্র নং- ৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪. ১৫-৭২০, তারিখঃ ১৩ জুলাই ২০২১।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ ১ ও ২ নং পত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, লকডাউন চলাকালীন বর্তমানে বিআরটিএ কর্তৃক মোটরযানের কর ও ফি আদায়ের নিমিত্ত অনলাইন ব্যাংকিং কার্যক্রম চালু রয়েছে। করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় **সীমিত পরিসরে কঠোরভাবে স্বাস্থ্যবিধি মেনে আগামী ২৬ জুলাই ২০২১ তারিখ থেকে** শুধুমাত্র জরুরি প্রয়োজন বিবেচনায় বিআরটিএ'র বিভিন্ন মেট্রো ও জেলা সার্কেল অফিস থেকে **(ক)** মোটরযান রেজিস্ট্রেশন এবং **(খ)** বিভিন্ন অ্যাকনলেজমেন্ট স্লিপ যেমনঃ রুট পারমিট সনদ নবায়ন, অস্থায়ী মোটরযান চালনার অনুমতি পত্রের মেয়াদ, মালিকানা বদলীর আবেদন, মোটরযান রেজিস্ট্রেশন সনদ প্রাপ্তি ইত্যাদি কার্যক্রমের মেয়াদ বর্ধিতকরণ চালু থাকবে।

২। তবে, বিআরটিএ'র অন্যান্য সেবা কার্যক্রম যেমনঃ সকল পেন্ডিং কাজ নিষ্পত্তি, মোটরযানের ফিটনেস নবায়ন, ড্রাইভিং লাইসেন্স নবায়নের ক্ষেত্রে বৈধ আবেদনপত্র গ্রহণ, রুট পারমিট নবায়নের বৈধ আবেদনপত্র গ্রহণ, লার্নার ড্রাইভিং লাইসেন্স ইস্যু, ড্রাইভিং কমিটেন্সি টেস্ট বোর্ডের (DCTB) পরীক্ষা গ্রহণ, ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদনকারীদের বায়োমেট্রিক গ্রহণ, ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেটের জন্য মোটরযান মালিকের বায়োমেট্রিক গ্রহণ, মোটরযানে রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন ইত্যাদি করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) রোগ সংক্রমণের পরিবর্তিত পরিস্থিতি বিবেচনায় সরকারের নির্দেশনার আলোকে পর্যায়ক্রমে চালু করা হবে।

৩। জনস্বার্থে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৫-৭-২০২১
শীতাংশু শেখর বিশ্বাস
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
ফোন: ০২-৫৫০৪০৭১৬
ইমেইল: de@brta.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১) উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট।